যায়যায়দিন

তারিখ 25 FEB 2009
পৃষ্ঠা ৩ কলাম

# প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রীর মন্তব্যের প্রতিবাদে সিলেটে মানববন্ধন

সিলেট অফিস

সিলেট সম্পর্কে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রীর অযাচিত মন্তব্যের প্রতিবাদে গতকাল সিলেট কেন্দ্রীয় শহীদ মিনারে মানববন্ধন কর্মসূচি পালন করা হয়েছে। মানববন্ধন শেষে এক প্রতিবাদ সভার আয়োজন করা হয়। আবদুর রাজ্জাকের সভাপতিত্বে এতে বক্তব্য রাখেন সিলেট চেম্বারের সাবেক সহসভাপতি নাসিম হোসাইন, সাংবাদিক আল আজাদ, কাউন্সিলর নাজনীন আক্তার কণা, সালেহ আহমদ খসরু, প্রকৌশলী আশফাক আহমদ ও জুরেজ আবদুল্লাহ গুলজার প্রমুখ।

সভায় বক্তারা বলেন, প্রতিমন্ত্রীকে ৭২ ঘন্টার মধ্যে তার বক্তব্যের জন্য ক্ষমা চাইতে হবে। অন্যথায় সিলেটবাসী এর সমুচিত জবাব দিতে প্রস্তুত রয়েছে বলে তিনি জানান।

রবিবার দুপুরে কমিউনিটি প্রাথমিক শিক্ষক সমিতির একটি প্রতিনিধি দলের সঙ্গে বৈঠকের সময় প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী 'সিলেটীরা মূর্খ' বলে মন্তব্য করেন। সোমবার একটি জাতীয় দৈনিক পত্রিকায় এ রিপোর্ট ছাপা হয়।